



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২০

২৩ আষাঢ় ১৪২৮

তারিখঃ

০৭ জুলাই ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত
বিধি-নিষেধের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।**

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক ইতঃপূর্বে জারিকৃত বিধি-নিষেধের মেয়াদ ১৪ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করায় এতদ্বিষয়ে এ বিভাগের ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার লেটার নম্বর-১৮ এর অনুবৃত্তিক্রমে বিধি-নিষেধ চলাকালে সীমিত পরিসরে আর্থিক প্রতিষ্ঠানসমূহ চালু রাখার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

- ১। সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার এবং ১১ জুলাই ২০২১ তারিখ রবিবার আর্থিক প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকবে।
- ২। ছুটির দিন ও রবিবার ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন গ্রাহকের হিসাবে মেয়াদপূর্তিতে স্থায়ী আমানত নগদায়ন, ঋণের কিস্তি জমা গ্রহণ ইত্যাদি জরুরি আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকায় ০১(এক)টি শাখা ও ঢাকার বাহিরে প্রতি জেলায় সর্বোচ্চ ০১(এক)টি শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।
- ৩। ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার লেটার নম্বর-১৮ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৭৮